৭৪

ভোরের কাগজ

তারিখ ...12 APR 1998 ...
পৃষ্ঠা ...৭ কলাম ... ৪......

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শিক্ষা মন্ত্রণালয়

## বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-এমইপি/বিজিডি/৯২/০০৯/৩৫৩ -শিক্ষা, / তারিখঃ ০৬/০৪/৯৮

# দরপত্র বিজ্ঞপ্তি

ইউএনডিপি প্রোডক বিজিডি/ ৯২/০০৯ এর আওতাধীন শিক্ষা মন্ত্রণালয় পরিকল্পনা অনুবিভাগ, ব্যানবেইস, নায়েম ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের জন্য মাইক্রোকম্পিউটার ও আনুষংগিক যন্ত্রপাতি/ফটোকপিয়ার/ এয়ারকন্ডিশনার/ মাইক্রোবাস সরবারাহের নিমিত্তে প্রকৃত সরবরহকারী /ডিলার/ এজেন্টদের নিকট হইতে দুই খাম পদ্ধতিতে (টু এনভেলপ সিষ্টেম) সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে। এক খামে টেকনিক্যাল প্রস্তাব ও অপর খামে আর্থিক প্রস্তাব পেশ করিতে হইবে। দরপত্রের সিডিউল গ্রুপ ভিত্তিক প্রণয়ন করা হইবে। দরপত্রের সংগে মোট মূল্যের ২% টাকা (ফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/ পে অর্ডারের মাধ্যমে কোন অনুমোদিত বাণিজ্যিক ব্যাংক হইতে আর্নেষ্টমানি হিসাবে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করিতে হইবে। দরপত্রের সিডিউলের জন্য নির্ধারিত মূল্য ৭৫০/- (সাত শত পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) এবং তাহা নগদ পরিশোধ করিতে হইবে। দরপত্র সিডিউল (গ্রুপ-ভিত্তিক) অফিস চলাকালীন সময়ে আগামী ২২/৪/৯৮ তারিখ হইতে নিম্নস্বাক্ষরকারীর অফিসে অথবা ব্যানবেইসের পরিচালকের অফিসে (১নং সোনরগাঁ রোড, পলাশী-নীলক্ষেত) সকাল ৯ঃ৩০ মিঃ হইতে পাওয়া যাইবে।

দরপত্রসমূহ আগামী ৩০/৪/৯৮ইং তারিখ দুপুর ১২ঃ০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে (ভবন নং-৬, কক্ষ নং-১৭০৭, বাংলাদেশ সচিবালয়) রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হইবে এবং একই দিন বেলা ১ঃ০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেকনিক্যাল দরপত্রসমূহ খোলা হইবে। দরপত্রের সাথে মূল ক্যাটালগ ও পণ্য সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী অবশ্যই সংযুক্ত করিতে হইবে।

কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শণ ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নহেন।

**এনপিডি, ইউএনডিপি প্রোডক বিজিডি /৯২/০০৯**
**এবং**
**প্রধান (পরিকল্পনা)**
শিক্ষা মন্ত্রণালয়
কক্ষ নং-১৭০৭, ভবন নং- ৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।